

الْمُقْسِطِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮৬ তম নাম 'الْمُقْسِطِ' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْمُقْسِطِ' শব্দের মূল ط - س - ق , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৫ বার এসেছে। ন্যায় বিচার করা, ন্যায় প্রতিষ্ঠা করা, ন্যায়বিচারক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। কাসিতুনা অর্থ অন্যায়কারী। আল্লাহ الْمُقْسِطِ অর্থ: 'ন্যায়বিচারক'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

شَهِدَ اللَّهُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ وَالْمَلَائِكَةُ وَأُولُوا الْعِلْمِ قَانِمًا بِالْقِسْطِ لَا إِلَهَ إِلَّا هُوَ
الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١٨﴾

আল্লাহর সাক্ষ্য দিচ্ছেন, নিশ্চয়ই কোন ইলাহ নেই তিনি ছাড়া। ফেরেশতা ও জ্ঞানীরাও এই সাক্ষ্য দেয়। আল্লাহ ন্যায় ও ইনসাফের উপর প্রতিষ্ঠিত। কোন ইলাহ নেই তিনি ছাড়া। তিনি মহাশক্তিমান, মহাবিজ্ঞানী। (সূরা আলে ইমরান: আয়াত নং ১৮)

قُلْ أَمَرَ رَبِّي بِالْقِسْطِ ﴿٢٩﴾

বলো, আমার প্রভু ইনসাফের নির্দেশ দিয়েছেন। (সূরা আল আ'রাফ: আয়াত নং ২৯)

وَإِنْ حَكَمْتَ فَأَحْكُم بَيْنَهُم بِالْقِسْطِ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿٤٢﴾

(হে নবী) আর যদি তাদের মধ্যে ফয়সালা করো ন্যায়বিচার করবো। কারণ আল্লাহ ন্যায়বিচারকদের পছন্দ করেন। (সূরা আল মায়দা: আয়াত নং ৪২)

বুখারী ও মুসলিম শরীফের হাদীস:

বিচারের দিন আল্লাহ তাআলা সাত ধরনের লোকের জন্য ছায়ার ব্যবস্থা করবেন, যেদিন তাঁর ছায়া ছাড়া অন্য কোন ছায়া থাকবে না। ১। ন্যায়বিচারক শাসনকর্তা। ২। শক্তিদ্বার, মর্যাদাবান আল্লাহর ইবাদতের মধ্যে যে যুবক

বেড়ে উঠেছে। ৩। যার অন্তঃকরণ মসজিদের সাথে সংযুক্ত। ৪। দু ‘ব্যক্তি যারা আল্লাহর জন্য নিজেদেরকে ভালোবাসে এবং আল্লাহর জন্যেই ভালোবাসার বিচ্ছেদ হয়। ৫। সুন্দরী ও প্রভাবশালী কোন নারী কোন পুরুষকে কুকর্ম (জেনা) করার আহ্বান করলে পুরুষ লোকটি অস্বীকৃতি জানিয়ে বলে: আমি আল্লাহকে ভয় করি। ৬। যে ব্যক্তি গোপনে এমনভাবে দান-খয়রাত করে, যে বাম হস্ত জানে না, যে ডান হাত দান করেছে। ৭। যে ব্যক্তি গোপনে একাকী আল্লাহকে স্মরণ করে এবং আল্লাহর কাছে কান্নাকাটি করে।

সুতারাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমাদের পরিমণ্ডলে আমরা ইনসাফ- ন্যায়বিচার করি, কারণ আল্লাহ নিজে ন্যায়বিচারক এবং ন্যায়বিচারকারী ও ইনসাফ প্রতিষ্ঠাকারীদের পছন্দ করেন।

হে আল্লাহ! আমাদেরকে তোমার ইবাদত ও ইনসাফ কায়েম করার তৌফিক দান করো। আমাদেরকে শিরক থেকে বাঁচিয়ে রাখো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা